# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## গণগ্রন্থাগার অধিদপ্তর
## জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট
**www.publiclibrary.lalmonirhat.gov.bd**

১. গ্রন্থাগারে নিবন্ধিত সদস্য হতে হবে।

২. সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ১০.০০ ( দশ ) টাকার ফি প্রদান করে আবেদন পত্র সংগ্রহ করতে হবে।

৩. সদস্যদের ধরণ ৩ (তিন) প্রকার যা নিম্নরূপ:

(ক) শিশু সদস্য : অনুর্ধ্ব ১৬ বছরের ছেলে মেয়ে।

(খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৬ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত।

(গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৮ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।

৪. ফরমের সাথে ১ম শ্রেণীর কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কতৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ও স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্রের অনুলিপি/ জন্মনিবন্ধন এর অনুলিপি সংযুক্ত করতে হবে।

৫. সাধারণ সদস্যদের ক্ষেত্রে ১০০০/-(এক হাজার) টাকা। ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/- ( দুইশত ) টাকা জামানত হিসেবে জমা দিতে হবে **( জামানত ফেরত যোগ্য )** ।

৬. সদস্য পদের মেয়াদকাল ১ (এক) বছর। তবে আগ্রহী পাঠকের মেয়াদ উত্তির্ণ হওয়ার পর ৫০/- ( পঞ্চশ ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নাবায়ন করতে পারবেন।

৭. প্রত্যেক সদস্য এককালীন ২ (দুই) টি বইয়ের বেশি ধার দেয়া হবে না। সর্বোচ্চ ১৫ (পনের ) দিনের জন্য বই ধার দেয়া হবে। অন্য পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২ (দুই ) বার নিতে পারবে।

৮. কোন সদস্য ধার নেয়া বই হারিয়ে ফেললে বা ক্ষতি সাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।

৯. নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যের নিকট থেকে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ (পাঁচ ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০.০০ ( দশ ) টাকা হারে জরিমানা আদায় করা হবে। যদি ৩০ (ত্রিশ ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত হবে। এমনকি পরবর্তীতে তাঁর নামে আর কোন বই ইস্যু করা হবে না এবং তাঁর সদস্যপদও বাতিল করা হবে।

১০. রেফারেন্স বই, দুষ্প্রাপ্য বই, বিদেশী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবে না।

১১. কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তাঁর সদস্যপদ বাতিল করাসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।

১২.জামানতের টাকা ১ (এক ) বৎসরের পূর্বে উত্তোলন করা যাবে না।

১৩. যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল নম্বর পরিবর্তন করা হয় তবে অবশ্যই তা কতৃপক্ষকে জানাতে হবে।

১৪. বই ধার সংক্রান্ত বিষয়ে কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

আদেশক্রমে
কতৃপক্ষ